

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৮

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪, তারিখ: ১৬/০৮/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত গত ১৬/০৮/২০১৫ তারিখে জারিকৃত পুস্তিকার ৩৩, ৩৪, ৩৫ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় প্রধান, প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণির) আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হলো:

আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং	বিষয়	মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা	বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা	প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা		
				ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে)	খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত)	গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭
৩৩	পূর্ত কাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন *১	১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ (১) অনুমোদিত ডিপিপি/টিপিপি ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে। (২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে। (৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।	৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	১৫ (পনের) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	১০ (দশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)
৩৪	প্রকল্প বাস্তবায়নের জন্য পণ্য/মালামাল/ যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা চুক্তি অনুমোদন *১	১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ (১) অনুমোদিত ডিপিপি/টিপিপি ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে। (২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে। (৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।	২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	১০ (দশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	৩ (তিন) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)
৩৫	বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের চুক্তি অনুমোদন *১	৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ (১) অনুমোদিত ডিপিপি/টিপিপি ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে। (২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।	৭ (সাত) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	৩ (তিন) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)	১ (এক) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে)

